



ক্রেডিট ইনফরমেশন ব্যুরো  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)



সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২২

তারিখঃ ১০ এপ্রিল, ২০২২  
২৭ চৈত্র, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।**

০১। শিরোনামোক্ত বিষয়ে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ২ নং অনুচ্ছেদে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সিআইবি অনলাইন সিস্টেম হতে New Contract Enquiry, Existing Contract Enquiry, Check Enquiry Menu সমূহের মাধ্যমে প্রস্তুতকৃত গ্রাহকদের সিআইবি প্রতিবেদন ডাউনলোড করা হলে নির্ধারিত হারে সার্ভিস চার্জ আরোপযোগ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে।

০২। আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে গত ০৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর ৩.১১ নং অনুচ্ছেদ অনুযায়ী ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম-এর আওতায় ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সিআইবি প্রতিবেদন গ্রহণের জন্য প্রযোজ্য চার্জ/ফি হতে অব্যাহতি প্রদান করা হয়েছে।

০৩। এফগে, উক্ত পুনঃঅর্থায়ন স্কিম-এর আওতায় ঋণ আবেদনকারী গ্রাহকের সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার ক্ষেত্রে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদের আওতায় আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংককে এতদসঙ্গে সংযুক্ত ছক (সংযুক্তি-ক) অনুযায়ী প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ব্যুরোতে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে। উল্লেখ্য, অব্যাহতি প্রাপ্ত প্রতিটি গ্রাহকের ঋণ আবেদনপত্রসহ অন্যান্য প্রয়োজনীয় দালিলিক প্রমাণপত্র বিবরণীর সাথে সংযুক্ত করতে হবে।

০৪। সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদের অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনিছুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৩

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় সিআইবি রিপোর্টের জন্য প্রযোজ্য  
চার্জ/ফি হতে অব্যাহতি প্রাপ্ত ঋণ আবেদনকারীগণের বিবরণী

ব্যাংকের নামঃ -----

মাসের নামঃ-----

ক্রমিক	FI Code	CIB /FI Subject code	ঋণ আবেদনকারীর নাম	আবেদনকারীর ব্যাংক হিসাব নম্বর	আবেদনকৃত ঋণের অঙ্ক	Type of Inquiry	রিপোর্ট ডাউনলোডকারীর User ID

স্বাক্ষর ও তারিখ  
পদবী  
(অফিসিয়াল সীলসহ)